

মুমিন নারীদের বিশেষ বিধান

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় পরিচ্ছেদঃ হায়েয, ইস্তেহাযাহ ও নিফাস সংক্রান্ত বিধান

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

৪. হায়েয শেষে ঋতুমতী নারীর করণীয়ঃ

ঋতুমতী নারীর ঋতু শেষে গোসল করা জরুরি, অর্থাৎ পবিত্র হওয়ার নিয়তে সমস্ত শরীরে পানি প্রবাহিত করা। কারণ, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন:

«فإذا أقبلت حيضتك فدعي الصلاة، وإذا أدبرت فاغتسلي واصلِي»

“যখন তোমার রজঃস্রাব শুরু হয় তখন সালাত ত্যাগ কর, আর যখন বিদায় নেয় গোসল কর ও সালাত পড়”।[1]

ফরয গোসল করার নিয়মঃ নাপাক দূর করা অথবা সালাত বা এ জাতীয় ইবাদতের নিয়ত করে ‘বিসমিল্লাহ’ বলে সমস্ত শরীরে পানি পৌঁছানো। বিশেষভাবে মাথার চুলের গোঁড়ায় পানি পৌঁছানো, চুলে খোঁপা বাঁধা থাকলে খোলা জরুরি নয়, তবে চুলের গোঁড়ায় অবশ্যই পানি পৌঁছানো জরুরি, যদি বড়ই অথবা পরিচ্ছন্নকারী কোনো বস্তু যেমন, সাবান ইত্যাদি ব্যবহার করা হয় খুব ভালো। গোসলের পর সুগন্ধি জাতীয় তুলা অথবা কোনো সুগন্ধি বস্তু যোনীতে ব্যবহার করা মুস্তাহাব। কারণ, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আসমা রাদিয়াল্লাহু আনহাকে অনুরূপ নির্দেশ প্রদান করেছেন। [মুসলিম]

ফুটনোট

[1] সহীহ বুখারী, হাদীস নং ৩১৪; সহীহ মুসলিম, হাদীস নং ৩৩৩; তিরমিযী, হাদীস নং ১২৫, নাসাঈ, হাদীস নং ৩৬৪; আবু দাউদ, হাদীস নং ২৮২; ইবন মাজাহ, ৬২৪, আহমদ: (৬/২০৪), মালিক, হাদীস নং ১৩৭; দারেমী, হাদীস নং ৭৭৪

Source — <https://www.hadithbd.com/books/link/?id=14693>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন